



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/এডমিন/২০২১/৭৪৪০

৩০ জুন ২০২১ইং

অফিস আদেশ - ২৮/ জুন' ২০২১

- ১। করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত অতিমারির সংক্রমন আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সরকার আগামী ০১ জুলাই ২০২১ইং তারিখ হতে ০৭ (সাত) দিনের জন্য কঠোর শাটডাউন ঘোষণা দিয়েছে। তবে উক্ত শাটডাউন চলাকালে বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানাসমূহ খোলা থাকবে বিধায় বিজিএমইএ ম্যানেজমেন্টের সিদ্ধান্ত মোতাবেক বিজিএমইএ'র কর্মকর্তা/কর্মচারীগণ রোস্টার মোতাবেক বিজিএমইএ অফিস উত্তরা (বাড়ী # ৭/৭এ, ব্লক-এইচ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০), গুলশান পিআর অফিস (রয়ালস এফসি স্কয়ার, প্লট # ৬/এ, রোড # ৩২, গুলশান এভিনিউ, ঢাকা) ও চট্টগ্রাম অফিস (৬৬৯/ই, সাউথ খুলশী, চট্টগ্রাম) দায়িত্ব পালন করবেন।
- ২। দাপ্তরিক কাজ যেন বিঘ্ন না ঘটে এবং বিজিএমইএ সম্মানিত সদস্যদের যথাযথ সেবা প্রদানে কোন প্রকার সমস্যার সৃষ্টি না হয় তা বিবেচনায় নিয়ে প্রত্যেক বিভাগ/শাখা তাদের জনবলকে ৩ ভাগে (টিম-ক, টিম-খ ও টিম-গ) বিভক্ত করবেন। প্রত্যেক টিম সপ্তাহে ০২ (দুই) দিন অফিস করবেন। কোন টিম কোন দিন অফিসে হাজির থাকবেন তা তালিকাভুক্ত করে এইচ.আর শাখায় প্রেরণ করবেন এবং সে অনুযায়ী হাজিরা রক্ষণাবেক্ষণ করা হবে।
- ৩। রোস্টার চলাকালে দৈনিক অফিসে কর্মরত স্টাফবৃন্দ ছাড়া অন্যান্য স্টাফগণ সার্বক্ষণিকভাবে অন-কল ডিউটিতে থাকবেন এবং যে কোন প্রয়োজনে স্বল্প সময়ের নোটিশে অফিসে হাজির হবেন। সবসময় ই-মেইল ও হোয়াটসআপ এ সংযুক্ত থাকবেন। কোন অবস্থাতেই কেউ ডিউটি স্টেশন (ঢাকা/চট্টগ্রাম) ত্যাগ করবেন না।
- ৪। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে শাখা/বিভাগীয় প্রধানগণ নিম্নবর্ণিত বিষয়াদি নিশ্চিত করবেন :
 - ক) শাখা/বিভাগীয় প্রধানগণ প্রত্যেক কর্মদিবসে অফিসে উপস্থিত থাকবেন।
 - খ) উল্লিখিত টিম মোতাবেক নিয়োজিত ব্যক্তিবর্গের অফিসে উপস্থিতি নিশ্চিত করবেন ও এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
 - গ) নিয়মিত ই-মেইল চেক করবেন এবং হোয়াটসএ্যাপে সার্বক্ষণিক অনলাইনে থাকবেন।
 - ঘ) রোস্টার ডিউটি কালীন সময় নিজ নিজ শাখার সেবা কার্যক্রম যেন কোনভাবে ব্যাহত না হয় তা নিশ্চিত করবেন এবং প্রয়োজনে জনবল হাজিরা বৃদ্ধি করবেন।
- ৫। উক্ত শাটডাউন/রোস্টার চলাকালীন অফিস সময়সূচী হবে সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।
- ৬। বিজিএমইএ অফিসিয়ালদের যাতায়াতের জন্য বিভিন্ন রুটে চলাচলকারী বিজিএমইএ'র নিজস্ব/ভাড়াকৃত যানবাহন ব্যবহৃত হবে। সকল কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষণিকভাবে নিজ নিজ আইডি কার্ড সঙ্গে বহন করবেন।
- ৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ ফয়জুর রহমান

মহা-সচিব

বিতরণ : বিজিএমইএ'র সকল শাখা প্রধান
বিজিএমইএ আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম

অনুলিপি :

১। পিএস টু প্রেসিডেন্ট

২। পিএস টু ওবি

৩। অফিস কপি